- ➢ Edit মেনু থেকে Free Transform অপশনটি নির্ধারণ করতে হবে
- ➢ এবার মাউস পয়েন্ট দ্বারা নির্বাচিত ইমেজটি প্রয়োজনীয় এ্যাঙ্গেলে স্থাপন করতে পারবো।

Sacle অপশনের ব্যবহার ঃ

ইমেজে কাজ সমূহ নিদিষ্ট পরিমাপে হ্রাস-বৃদ্ধি করতে এই অপশনটি কার্যকর।

প্রয়োগ ঃ

- ➢ যে লেয়ারটি হ্রাস-বৃদ্ধি করবো তা সিলেক্ট করতে হবে।
- ➢ Marquee Tool এর সহায়তায় উত্তোলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ নির্ধারণ করতে হবে।
- ➢ Edit মেনু থেকে Transform > Scale অপশনটি নির্বাচন করতে হবে।
- ➢ এখন মাউস পয়েন্ট দিয়ে আমরা প্রয়োজন মত নির্ধারিত অংশটুকু হ্রাস-বৃদ্ধি করতে পারবো।

Rotate অপশনের ব্যবহার ঃ

সাধারণভাবে তথ্য সমূহে বিভিন্ন এ্যাঙ্গেলে সজ্জিত করার জন্যে বিভিন্ন (৯০০, ১৮০০ ইত্যাদি) ডিগ্রীতে সজ্জিত করা হয়। Rotate কমান্ডটির সহায়তায় তথ্য সমূহ প্রয়োজনীয় এ্যাঙ্গেলে সজ্জিত করা যায়।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Rotate করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edite > Select on Transform > Click on Rotate.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে সজ্জিত করা যাবে ।

Skew অপশনের ব্যবহার ঃ

ইমেজকে বিভিন্ন আকৃতিতে উপস্থাপনের জন্য Skew অপশনটি ব্যবহার করা হয়।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Skew করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edit > Select on Transform > Click on Skew.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে সজ্জিত করা যাবে ।

Distoer অপশনের ব্যাবহার ঃ

ইমেজ সমূহ বিভিন্ন আকৃতিতে সজ্জিত করতে Distoer অপশনের ভুমিকা খুবই ফলদায়ক।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Distoer করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edite > Select on Transform > Click on Distoer.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে Distoer করা যাবে ।

Perspectove অপশনের ব্যাবহার ঃ

ইমেজ সমূহ বিভিন্ন আকৃতিতে সজ্জিত করতে Perspectove অপশনের ভুমিকা খুবই ফলদায়ক।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Perspectove করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ Block/Select (সিলেক্ট) করতে হবে।
- Click on Edite > Select on Transform > Click on Perspectove.
- এখন নির্বাচিত অংশটুকু Mouse Pointer (মাউস পয়েন্টার) দ্বারা ভিন্ন আকৃতিতে Perspectove করা যাবে।

Layer নিয়ে কাজ করা


Adobe PhotoShop প্যাকেজে লেয়ার একটি অতিব প্রয়োজনীয় বিষয় । বিভিন্ন ধরনের ইমেজ তৈরির ক্ষেত্রে তৈরিকৃত ইমেজ সমূহের বিভিন্ন অংশ একএকটি লেয়ারে সংরক্ষিত থাকে । ফলে তৈরিকৃত ইমেজের প্রয়োজনীয় অংশটি নিয়ে কাজ করা সহজ হয় । এমন কি প্রয়োজন বোধে কেটে বাদ দেয়া যায় ।

To Create New Layer (নতুন লেয়ার তৈরী) ঃ

ডকুমেন্টে কাজ করার ক্ষেত্রে নতুন কোন তথ্য উত্তোলন করা হলে উত্তোলিত তথ্য সমূহ নতুন একটি লেয়ারে উত্তোলিত হয় । পরবর্তীতে নিদিষ্ট লেয়ারের মাধ্যমে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করতে হয় । অবশ্য ডকুমেন্টে একাধিকবার টেক্স সংযোজন করা হলে প্রতিবারই একটি করে লেয়ার তৈরি হয় । এছাড়াও নতুন লেয়ার তেরি করে উক্ত লেয়ারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করতে হয় ।

প্রয়োগ পদ্ধতি ঃ

- যে ডকুমেন্টে নতুন লেয়ার তৈরি করা প্রয়োজন সে ডকুমেন্টটিতে অবস্থান করতে হবে ;
- Click on Layer > Select on new > Click on Layer (New Layer Dialogue Box টি আসবে) Box টি এরকম ঃ



- Name ঃ এর স্থলে নতুন লেয়ারের নাম টাইপ করতে হবে ।
- Opacity ঃ অপশনের মাধ্যমে লেয়ারের ঘনত্ব নির্ধারণ করতে হবে ।
- Mode ঃ এর Drop-down box থেকে তৈরিকৃত লেয়ারটির মোড নির্ধারণ করতে হবে ।
- প্রয়োজনীয় কার্যাবলী শেষে Ok button Click করতে হবে ।

{ **Note ঃ** এভাবে একাধিক লেয়ার তৈরি করে কাজ করা যায় }

To See Layer (লেয়ার প্রদর্শন করা) ঃ

কোন ইমেজকে ওপেন করলে সধারণত সব লেয়ারই প্রদর্শিত হয় । কোন লেয়ার যদি প্রদর্শিত না হয় তবে লেয়ার উইন্ডোতে উক্ত লেয়ারের নামের শেষ বাম প্রান্তে পিকচার বারে ক্লিক করে চোখ প্রদর্শন করলে লেয়ারটি প্রদর্শন হবে ।

To Hide Layer (লেয়ার লুকানো) ঃ

কোন লেয়ারকে অপ্রদর্শন করতে চাইলে অর্থাৎ লুকাতে চাইলে লেয়ার উইন্ডোতে উক্ত লেয়ারের নামের শেষে চোখ পিকচার বাক্সে ক্লিক করে চোখটি অপ্রদর্শন করলে লেয়ারটি অপদর্শিত হবে ।

লেয়ার অপশন (Layer Options) ঃ

লেয়ার সংক্রান্ত বিভিন্ন বিষয় নিদিষ্ট করতে হলে লেয়ার অপশন ডায়লগ বক্স প্রদর্শন করে তাতে নির্ধারণ করতে হয়। কোন লেয়ারের অপশন নিধারণ করতে হলে সেই লেয়ারে ডাবল ক্লিক করতে হবে অথবা সর্বডানে বাটনে ▶ ক্লিক্ করে প্রদর্শিত মেনু থেকে Layer Options এ ক্লিক্ করে বা Layer মেনু থেকে Layer Options ক্লিক করে তা করা যায়।

লেয়ার মুছা ঃ

কোন ইমেজ ফাইলের অপ্রয়োজনীয় লেয়ার মুছতে হলে নিম্নোক্ত কার্যাবলী অবলম্বন করতে হবে ঃ

- যে ফাইলের লেয়ার মুছা দরকার সেই ফাইলে অবস্থান করতে হবে ;
- লেয়ার উইন্ডো (Layer Window) এর উপর সর্বডানে এই ▶ বাটনে ক্লিক করে প্রদর্শিত মেনুর Delete Layer অপশনটি নির্বাচন করতে হবে

  অথবা, Layer > Delete Layer নির্দেশ দিতে হবে


  অথবা, লেয়ার উইন্ডো (Layer Window) এর নিচে ডান দিকে Delete Current Layer বাটনে Click (ক্লিক) করতে হবে।

<u>To Create Duplicate Layer (ডুপ্লিকেট লেয়ার তৈরি করা)</u> ঃ

কাজের সুবিধার্থে মূল লেয়ার অক্ষত রেখে অন্য একটি Duplicate Layer (ডুপ্লিকেট লেয়ার) সহজে তৈরি করা যায়।

- যে লেয়ারটির ডুপ্লিকেট তৈরি করবো সে লেয়ারটি নির্বাচন করতে হবে ;
- লেয়ার প্লেট মেনু থেকে Duplicate Layer অপশনটি নির্বাচন করবো ;

  অথবা, Layer > Duplicate Layer নির্দেশ দিতে হবে। তখন পর্দায় আসবে ঃ



As ঃ টেক্স বক্সে ডুপ্লিকেট লেয়ারের নাম এবং Documnet এ লেয়ারের Destination নিদিষ্ট করতে হবে। Ok করতে হবে। এভাবে ডুপ্লিকেট লেয়ার তৈরি হবে।


Layer Effects

Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর লেয়ার এফেক্টের ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। বিভিন্ন এফেক্ট নির্বাচন করে লেয়ারের ইমেজকে সুন্দর ভাবে প্রদর্শন করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- যে লেয়ার এফেক্ট করা হবে সে লেয়ার নির্বাচন করতে হবে।

- Click on Layer > Select on Layer Style ফলে Style লিস্ট আসবে, তখন এখান থেকে আমরা যে কোন Style নিয়ে কাজ করতে পারি ।



View দেখা

Graphics Design Program Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর Preview নিয়ে অনেক কাজ করা যায় । তবে এ ক্ষেত্রে অন্যান্য প্রোগ্রামের থেকে ভিন্নতর কাজ করে । নিম্নে কয়েকটি Point নিয়ে আলোচনা করা গেল ঃ

New View ঃ এই অপশনটি নিলে একাধিক উইন্ডোতে একই ইমেজ ফাইল ভিউ করে ।

প্রয়োগ বিধি ঃ

- Click on View > Click on New View ফলে নতুন উইন্ডো চলে আসবে মনে হবে যেন কপি হয়েছে ।

Preview ঃ এই অপশনটি নিলে ইমেজ ফাইলের যে চারটি রঙের ভিত্তি যেমন- CMYK ঃ Cyan, Magenta, Yellow, Black) আউটপুট হয়ে থাকে । ইমেজ যদি CMYK মোডে না হয়ে অন্য মোডে (যেমন ঃ RGB) হয় তাহলে CMYK এর বিভিন্ন রঙে ইমেজটির অবস্থা কি রকম হবে তা দেখার জন্য অর্থাৎ প্রদর্শন বা প্রিভিউ করা যায় ।

- Click on View > Click on Preview ফলে একটি মেনু দেখা দিবে । এখান থেকে বিভিন্ন অপশন নিয়ে আমরা কাজ করবো ।

Zoom In ঃ কাজের সুবিধার্থে ইমেজকে প্রয়োজনে বড় করা হয় । Zoom In দিয়ে ১৬০০% পর্যন্ত বড় করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- যে ইমেজে কাজ করবো সেটি সচল করতে হবে ;
- Clic on View > Click on Zoom In
  অথবা, Ctrl + [+]
  অথবা, টুল বক্সে Zoom Tool নির্বাচন করে এই কাজ সমাধান করা যায় ।

Zoom Out ঃ

Zoom In এর বিপরীত হল Zoom Out । এই অপশন দিয়ে ইমেজকে ইচ্ছে মত ছোট করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- যে ইমেজে কাজ করবো সেটি সচল করতে হবে ;
- Clic on View > Click on Zoom Out
  অথবা, Ctrl + -
  অথবা, টুল বক্সে Alt কী চেপে Zoom Tool নির্বাচন করে এই কাজ করা যায় ।

Fit on Screen ঃ

মনিটরের পর্দার সাথে সমন্বয় সাধনের জন্য এই অপশন ব্যবহার করা হয় ।

- Click on View > Click on Fit on Screen
  অথবা, টুল বক্সের Hand Tool এ Double Click (ডাবল ক্লিক) করতে হবে ।

Actual Pixels ঃ ইমেজ যে অবস্থাতেই প্রদর্শিত হোক না কেন এর প্রকৃত অবস্থা অর্থাৎ ১০০% প্রদর্শন করাতে হলে যা করতে হবে তা হলো ঃ

- Click on View > Click on Actual Pixels ;
  অথবা, Zoom Tool এ Double Click (ডাবল ক্লিক)করতে হবে ;
  অথবা, Alt + Ctrl + O কী-ত্রয় চাপতে হবে ।

Ruler প্রদর্শণ/অপ্রদর্শণ

ইমেজের অংশ মাপার (ইঞ্চি/সেঃমিঃ) জন্য রুলার প্রদর্শন করে তা করা যায় । সে জন্য যে নির্দেশ নিম্ন রূপ প্রদর্শণ করতে চাইলে ঃ

- Click 0n View > Click on Show Rulers ;
  অথবা, Ctrl + R . অপ্রদর্শণ করতে চাইলে ঃ
- Click 0n View > Click on Hide Rulers ;
  অথবা, Ctrl + R .

রুলার জিরোতে পরিবর্তন করা ঃ

Ruler (রুলার) এর মাপ দাগ চিহ্ন ০ থেকে ১,২,৩.... এভাবে হয় । মাপের সুবিধার্থে ইমেজের কোন অংশ রুলারের শূন্য উৎস (Rulers Zero Origin) শুরু করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- প্রথমে ইমেজটি সচল করতে হবে ;
- Ruler (রুলার) প্রদর্শিত না থাকলে View ক্লিক করে Show Rulers ক্লিক করতে হবে

- উন্ডোর উর্ধ্ব বাম কোণায় হরিজন্টাল এবং ভার্টিক্যাল রুলারের ছেদ (Intersection) অবস্থানে মাউস পয়েন্ট রাখতে হবে
- মাউস দিয়ে ড্র্যাগ করে ইমেজের যেখান থেকে রুলারের শূন্য উৎস শুরু করতে চান সেখানে আসুন।
- মাউসের বোতাম ছেড়ে দিন।

Guide প্রদর্শণ/অপ্রদর্শণ

Guide প্রদর্শণ ঃ

ফটোশপ প্যাকেজে ড্রয়িং সুবিধার জন্য হরিজন্টাল বা ভার্টিক্যাল লাইন স্থাপন করে কাজ করা যায়। লাইনগুলো প্রদর্শিত হলেও তা প্রিন্ট হয় না। এ গুলোকে গাইড বলা হয়।

প্রয়োগ বিধি ঃ

- প্রথমে ইমেজকে সচল করতে হবে ;
- রুলার প্রদর্শিত না হয়ে থাকলে তা প্রদর্শন করতে হবে ;
- Horizontal Rular (হরিজন্টাল রুলার) এর ভিতরে ক্লিক করে মাউস দিয়ে ড্র্যাগ করে ইমেজের যে স্থানে বসাতে চাই সেখানে এনে ছেরে দিতে হবে।

Guide অপ্রদর্শণ ঃ

গাইড প্রদর্শণ করতে না চাইলে View ক্লিক করে Hide Guides নির্দেশ দিতে হবে।

Guide প্রদর্শণ ঃ

পুনরায় গাইড প্রদর্শণ করতে চাইলে View ক্লিক করে Show Guides নির্দেশ দিতে হবে।

Guide মুভ করা ঃ কাজের সুবিধার্থে গাইডকে মুভ করা প্রয়োজন হতে পারে ; সে জন্য নির্দেশনা নিব্ রূপ ঃ

- যে ইমেজের গাইড মুভ করা দরকার সেটি সিলেক্ট করতে হবে ;
- গাইড যদি লক করা থাকে তবে তা আনলক করতে হবে ;
- টুলবক্সে Move Tool সিলেক্ট করে যে গাইডটি মুভ করতে চাই সেটির উপর মাউস পয়েন্ট নিতে হবে
- এখন ড্র্যাগ করে গাইডটি মুভ করতে হবে।

উপরিউক্ত কাজ গুলো ছাড়া গাইড লক এবং গাইড মুছে দেয়া ইত্যাদি কাজ গুলো View মেনু থেকে করা যায়।

Color প্যালেট নিয়ে কাজ করা

ফটোশপে কালার প্যালেট ব্যবহার অতিব গুরুত্ব পূর্ণ। কালার প্যালেট ব্যবহার করে ফোরগ্রাউন্ড এবং ব্যাকগ্রাউন্ড কালার নির্বাচন করা যায়। রঙ ব্যবহার করার জন্য আরও যে টুল এবং ব্যাপার সংশ্লিষ্ট তা হল

- টুলবক্সের Foreground & Background কালার বক্স ;

- Eye Dropper tool ;
- Point Backer tool ;
- Gradient tool ;

কালার প্যালেটের উপরে ডানদিকের বাটনে ক্লিক করলে পর্দায় কালার প্যালেট মেনু প্রদর্শিত হবে ঃ

মেনু থেকে যে মোড নির্বাচন করা হবে সে মোডেই কালার প্যালেট প্রদর্শিত হবে। যেমন RGB Sliders এবং RGB Spectrum নির্বাচন করলে RGB মোডে কালার প্যালেট প্রদর্শিত হবে।

কালার প্যালেট থেকে রং নির্বাচন করা ঃ

তিন ভাবে রঙ নির্বাচন করা যায় ঃ

- স্লাইডার ব্যবহার করে ;
- কালার প্যালেটের নিচে প্রদর্শিত কালার বার থেকে ক্লিক করে ;
- স্লাইডারের ডান পাশের টেক্সট বক্সে সংখ্যা বা মান বসিয়ে ।

Foreground & Background কালার ঃ

সব ইমেজেরই ফোরগ্রাউন্ড (সামনের অংশ) এবং ব্যাকগ্রাউন্ড (পিছনের অংশ) রয়েছে। ফটোশপ প্যাকেজে ফোরগ্রাউন্ড এবং ব্যাকগ্রাউন্ড ব্যবহার করতে হয় নিম্নোক্ত ভাবে ।

Foreground ঃ

- পেইন্ট করা হয় ।
- কোন নির্বাচিত অংশকে ফিল করা হয়।
- স্ট্রোকে অংশ নিলে কাটা অংশে প্রদর্শিত হয়।

Background ঃ

- গ্রেডিয়েন্ট ফিল করার জন্য ব্যবহার করা হয়।
- ইমেজের অংশ কেটে নিলে কাটা অংশে প্রদর্শিত হয়।

Gradient নিয়ে কাজ করা

দুই বা ততোধিক রং শুরু হয়ে ক্রমশ মিশ্রিত হওয়াকে গ্রেডিয়েন্ট বলা হয়। আলোচ্য প্যাকেজে এর ব্যবহার খুবই গুরুত্ববহ। পাঁচ ধরণের গ্রেডিয়েন্ট লক্ষ্য করা যায় । যেমন ঃ

(1). Linear Gradient Tool (2). Radial Gradient Tool (3). Angle Gradient Tool (4). Reflected Gradient Tool (5). Diamond Gradient Tool.

To Use Gradient (গ্রেডিয়েন্ট ব্যবহার করা) ঃ

ফটোশপে কতগুলো ডিফল্ট গ্রেডিয়েন্ট রয়েছে। এগুলো ব্যবহার করা যায়। আমারা Transparent Rainbow গ্রেডিয়েন্ট ব্যবহার নিুরূপে ঃ

- নতুন একটি ডকুমেন্ট ওপেন করতে হবে
- টুলবক্সে Rectangular Marquee Tool টি নির্বাচন করতে হবে
- টুলবস্কে Linear Gradient Tool টিতে ডাবল ক্লিক্ করতে হবে। পর্দায় গ্রেডিয়েন্ট প্রদর্শিত হবে।

- ড্রপ ডাউন বাটনে ক্লিক করে তালিকা থেকে গ্রেডিয়েন্ট সিলেক্ট করতে হবে
- সিলেক্ট বক্সের উপর মাউস পয়েন্টার দিয়ে প্রেস ও ড্রাগ করতে হবে
- সিলেকশন অংশটুকু গ্রেডিয়েন্ট হবে।

To Delete Gradient (গ্রেডিয়েন্ট মুছা) ঃ

তৈরি করা সব গ্রেডিয়েন্ট থেকে অনেক সময় অপ্রয়োজনীয় গ্রেডিয়েন্ট মুছার দরকার হতে পারে । তার জন্য নিম্ন রূপ নির্দেশনা ঃ

- টুলবক্সে গ্রেডিয়েন্ট টুলে ডাবল ক্লিক করতে হবে ;
- গ্রেডিয়েন্ট প্যালেটের Edit..... বাটনে ক্লিক্ করে গ্রেডিয়েন্ট এডিটর ডায়লগ বক্স Open (ওপেন) করতে হবে
- যে গ্রেডিয়েন্ট মুছতে হবে সেটি সিলেক্ট করতে হবে ;
- Delete বাটন ক্লিক করতে হবে।

প্যাটার্নের তৈরি ও ব্যবহার

ফটোশপ প্যাকেজে প্যাটার্ন তৈরি করে উহাকে ইমেজের Background (ব্যাকগ্রাউন্ড) হিসেবে ব্যবহার করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- ফটোশপ শুরু করে Sky নামে অথবা অন্য যে কোন নামক একটি ডকুমেন্ট তৈরী করতে হবে ;
- নতুন একটি লেয়ার তৈরী করতে হবে (Shift + Ctrl + N) চেপে ;
- টুলবক্সের Paintbrush Tool দিয়ে "মা" আকতে হবে
- Layer >Effectts >Bevel and Emboss নির্দেশ দিতে হবে Emboss করার জন্য ;
  অথবা অন্য যে কোন ছবি বা ইমেজের অংশ কেটে আনতে হবে ;
- কোন ইমেজ ফাইল যেমন ঃ Flowers.psd ফাইলটি ওপেন করতে হবে ;
- টুলবক্সের Marquee Recttanguular Tool দিয়ে ইমেজের কিছু অংশ সিলেক্ট করতে হবে ;
- Edit >Define Pattern.. নির্দেশ দিতে হবে।
- লেয়ার উইন্ডোটি পর্দায় প্রদর্শিত না থাকলে Window >Show Layyers নির্দেশ দিতে হবে ;
- লেয়ার প্যালেট থেকে Background লেয়ারটি নির্বাচন করতে হবে ;
- Edit >Define Pattern.. নির্দেশ দিতে হবে ;
- Fill ডায়ালগ বক্স আসবে এখানে Ok নির্দেশ দিতে হবে, ফলে ব্যাকগ্রাউন্ড ফুলের প্যাটার্ন দিয়ে পূর্ণ হবে।

ইমেজ ফিল্টারকরণ

ফটোশপ প্যাকেজে ইমেজকে বিভিন্নভাবে কারুকার্যময় করে উপস্থাপন করা যায়। শিল্পী যেমন কোন ইমেজকে দিনের পর দিন পরিশ্রম করে কারুকার্যময় করে তেমনি ফটোশপে তা মুহুর্তেই করা যায়। শুধু তাই নয় ইমেজকে ইচ্ছেমত নিজের আঙ্গিকে উপস্থাপন করা যায়।

ফটোশপের ফিল্টার মেনুতে ক্লিক করে যে মেনু পাওয়া যাবে সেই মেনু গুলোর আবার বেশ কিছু সাব মেনু রয়েছে সেগুলো ব্যাবহার কারে আমরা ইমেজকে সহজেই কারুকার্যময় করে তুলতে পারবো।

Artistic Filter ঃ

এর অধীনে পনেরটি ফিল্টার রয়েছে। এগুলো নির্বাচন করে ইমেজকে শিল্পজনোচিত বিভিন্ন রূপদান করতে পারবো। বিভিন্ন অপশনের ব্যবহার নিন্তে দেখানো হলো ঃ

Colored Pencil ঃ এটি ব্যবহারে ইমেজকে রঙিন পেন্সিল দিয়ে ঘষে আকাঁর মতো করা যাবে। যেমন

- ইমেজকে সচল করে লেয়ার নির্বাচন করতে হবে ঃ
- Filter > Artistic > Colored Pencil নির্দেশ দিতে হবে (পর্দায় আসবে ডায়লগ বক্স)। এখানে কাজের সুবিধার্থে প্লাস মাইনাস বাটন চেপে ইমেজকে ছোট বড় করা যাবে।
- Options এর Pencil Width এর টেক্সট বক্সে সংখ্যা বসিয়ে অথবা সরলরেখার নিচের ত্রিভূজ (স্লাইডার) কে মাউস দিয়ে ড্র্যাগ করে পেন্সিলের নিপের প্রশস্ততা নির্ধারণ করতে হবে
- Stroke Pressure অর্থাৎ পেন্সিল দিয়ে কি পরিমান চাপ দিয়ে আঁকা হবে তা নির্ধারণ করা যায়।
- Paper Brightness এ ইমেজটির উজ্জ্বলতা কম-বেশি নির্ধারণ করা যায়। ১-৫০ পর্যন্ত মান নির্ধারণ করা যায়। মান বেশি হলে উজ্জ্বলতা বেশি এবং কম হলে উজ্জ্বলতা কম হবে।
- Pancil Width 4, Stroke Pressure 9, Paper Brightness 23 নির্ধারণ করে OK করতে হবে। ফলে ইমেজটি পেন্সিলের আকাঁর মত মনে হবে।

Cutout ফিল্টার ঃ

ইমেজকে ঘঁষে এর Sharpness বিযুক্ত করে রূপ দান করা যায়। এর জন্য নিু রূপ নির্দশনা ঃ

- ইমেজকে সচল করতে হবে
- Filter >Arttistic > Cutout... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে।
- No of Levels পয়েন্ট এ যত সংখ্যা নির্ধারণ করা হবে ইমেজটিতে ততটি লেবেল প্রদর্শিত হবে
- Edge Simplicity এবং Edge Fidelity তে মান নির্ধারণ করে Ok করতে হবে।

Dry Brush ফিল্টার ঃ

Artistic মেনুস্থ এই অপশনটি নির্বাচন করে নির্বাচিত ইমেজকে ড্রাই ব্রাশ রূপদান করা যাবে।

Film Grain ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে নির্বাচিত ইমেজকে দানা দানা আকারে রূপদান করা যায় ; যেমনঃ

- ইমেজকে সচল করতে হবে
- Click on Filter > Artsitc > Film Grain নির্দেশ দিতে হবে। পর্দায় ডায়লগ বক্স আসবে

- বক্সে যে কাজ করতে হবে তা হলো ঃ
  ১. Grain এ ১-২০ পর্যন্ত মান নির্ধারণ করা যায় । মান বেশি হলে ইমেজটি বেশি দানা দানা হবে
  ২. Highlight Area তে ০-২০ পর্যন্ত মান নির্ধারণ করা যায় । মান বেশি হলে ইমেজের অংশটি বেশিজ্জ্বল বা আলোকিত হবে ।
  ৩. Intensity তে ০-১০ পর্যন্ত মান নির্ধারণ করা যায় । বেশি মান নির্ধারণ করলে দানার তীব্রতা বেশি হবে ।

Fresco ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে ইমেজকে প্রাচীর গাত্রে আকাঁ চিত্রের ন্যায় রূপদান করা যায় ।

Neon Glow ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে ইজেকে দীপ্তিময় ও উজ্জ্বলতা দান করা যায় ।

- ইমেজকে সচল করতে হবে ;
- Filter >Artistic > Neon Glow... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে ।
- পিক্সেল গ্লু বা দীপ্তি ময় করার জন্য Glow Size এ ২৪ পর্যন্ত মান নির্ধারণ করা যায় ;
- Glow Brightness এ ০-৫০ পর্যন্ত মান নির্ধারণ করে ইমেজের উজ্জ্বলতা বৃদ্ধি করা যায়;
- Glow Color এই অপশনটি নির্বাচন করে ইমেজের চারপাশে যে আলো উদ্ভাসিত হবে তার রং নির্বাচন করা যায়
- সর্বশেষে Ok করতে হবে ।

Paint Daubs ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে ইমেজকে রং দিয়ে প্রলেপ দেয়া যায় । যেমনঃ

- ইমেজকে নির্বাচন করতে হবে
- Filter >Artistic > Paint Daubs... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে ।
- প্রদর্শিত টেক্স বা গ্রাফিক্স সমূহের উপস্থাপন আকর্ষনীয় করার জন্যে Options এর অধীনস্ত Brush Size, Sharpness ইত্যাদি অপশন সমূহের সহায়তায় ফিল্টারের মাত্রা নির্ধারণ করতে হবে ।
- নির্ধারিত গ্রাফিক্স বা টেক্সট সমূহের টাইপ নির্ধারণ করার জন্যে Brush Type : Drop-down এর সহায়তায় নির্ধারণ করতে হবে ।
- প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদনের শেষে OK Button Click করতে হবে ।

Palette Knife ফিল্টার ঃ

এই অপশনটি ব্যাবহার করে ইমেজকে ছুরি দিয়ে ছেঁটে ছেটেঁ তৈরি করা প্রতিকৃতির মত রূপদান করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- ইমেজটি সচল করতে হবে

- Filter >Artistic > Palette Knife ... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে
- Stroke Size এ যত সংখ্যা লেখা হবে প্রতিবার কাটার সাইজ তত হবে
- Stroke Detail এ সংখ্যা নির্ধারণ (3)
- Softness এ সংখ্যা নির্ধারণ (10)
- সর্বশেষে Ok নির্ধারণ করতে হবে ।

Plastic Wrap ফিল্টার ঃ

এ অপশনটি নির্বাচন করে ইমেজকে প্লাস্টিক কাগজ দিয়ে কোন জিনিসকে মুড়লে যে রকম দেখায় সে রকম করে প্রদর্শণ করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- ইজেমকে সচল করতে হবে
- Filter >Artistic > Plastic Wrap ... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে
- Highlight Strength এ যত বেশি মান দেয়া হবে প্লাস্টিকের ফুলে উঠা মোড়ানো তত বেশি হবে ।
- Detail এ প্লাস্টিকের ফুলে উঠা ভাজ কত হবে তা নির্ধারণ করা যায়
- Smoothness এ প্লাস্টিক পেপারের মসৃণতা নির্ধারণ করা যায় । এখানে ১-১৫ পর্যন্ত নির্ধারণ করা যায়
- সর্বশেষে Ok নির্ধারণ করতে হবে ।

Poster Edge ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে নির্বাচিত কোন ইমেজকে ফোটা ফোটা রূপে পোস্টার এজ ফিল্টার ব্যবহার করতে হয় ।

Rough Pastels ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করলে ইমেজকে রঙ্গিন খড়ি দিয়ে আঁক চিত্রের মত রূপদান করা যায় ।

Smudge Stick ফিল্টার ঃ

এই অপমনটি নির্বাচন করে ইমেজের উপর নোংরা প্রলেপ দিয়ে রূপদান করা যায় ।

Sponge ফিল্টার ঃ

ইমেজের উপর স্পঞ্জের মত ইফেক্ট দেয়া যায়ার জন্য এই অপশনটি ব্যবহার করা হয় ।

Under painting ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করলে ইমেজের উপর সদ্য রং করা হচ্ছে এমন ইফেক্ট দেয়া যায় ।

Water Color ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করলে ইমেজের উপর জল রঙ্গের ইফেক্ট দেয়া যায় ।

Blur অপশন দিয়ে ফিল্টার

Blur ফিল্টার ঃ

এই অপশন দিয়ে নির্বাচিত কোন ইমেজকে ঝাপসা করে প্রদর্শন করা যায় ।

প্রয়োগ বিধি ঃ

- ইমেজকে সচল করতে হবে ;
- Filter >Blur> Blur ... নির্বাচন করতে হবে । ফলে নির্বাচিত ইমেজটি ব্লার হবে ।

Blur আবার কয়েক ধরণের রয়েছে, উপরিউক্ত নিয়ম অনুযায়ী আমরা সকল ধরণের ব্লার দিয়ে ফিল্টার করতে পারবো ।

Brush Stroke অপশন দিয়ে ফিল্টারকরণ

Brush Stroke অপশন সমূহ নির্বাচন করে ইমেজকে বিভিন্ন ভাবে কারুকার্যময় করে উপস্থাপনা করা যায় ।

Accented Edges ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে নির্বাচিত ইমেজ এর প্রান্তের প্রশস্ততা, উজ্জ্বলতা ও মসৃণতা বিভিন্ন ভাবে উপস্থাপন করা যায় ।

- ইমেজকে সচল করতে হবে ;
- Filter >Brush Strokes> Accented Edges... নির্বাচন করতে হবে । পর্দায় ডায়লগ বক্স আসবে ।
- এখানে বিভিন্ন কাজ করে সর্বশেষে Ok দিতে হবে ।

Angled Edges ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে বিভিন্ন মান নির্দিষ্ট করে ইমেজকে বিভিন্ন ভাবে উপস্থাপনা করা যায় ।

Crosshatch ফিল্টার ঃ

এই অপশন নির্বাচন করে ইমেজকে ক্রসহ্যাচ ইফেক্ট দেয়া যায় ।

প্রয়োগ বিধি ঃ পূর্বের ন্যায় ।

Dark Strokes ফিল্টার ঃ

ইমেজকে ডার্ক স্ট্রোক করার জন্য এই অপশনটি নির্বাচন করতে হয় ।

Ink Outline ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে কালির আউট লাইন ভিন্ন ভিন্ন করে ইমেজকে প্রদর্শন করা যায় ।

Spatter ফিল্টার ঃ

এই অপশনটি নির্বাচন করে ইমেজকে ইতস্তঃত ছাড়ানো ইফেক্ট দেয়া যায় ।

Sparyed Strokes এবং Sumi-e ফিল্টার ঃ

এই ফিল্টার দ্বয় ও উপরিউক্ত নিয়ম অনুযায়ী করতে হবে ।

Distort অপশন দিয়ে

এই মেনুস্থ বিভিন্ন অপশন নির্বাচন করে ইমেজকে বিভিন্ন বৈচিত্রময় করে উপস্থাপন করা যায়। এই অপশন গুলো পূর্বের মত করতে হবে।

এ ছাড়া Filter মেনুর সমস্থ অপশন এবং সাব-অপশন পূর্বের নিয়ম অনুযায়ী করলে আমরা আমাদের ইমেজকে কাঙ্খিত রূপদার করতে পারবো।

বিভিন্ন ফাইল ফরমেট

ভিন্ন ভিন্ন ফরমেট ব্যবহার করে ফাইল সেভ করা ফটোশপে একটি গুরুত্বপূর্ণ বিষয়। নিতে এ বিষয়ে নিয়ে আলোচনা করা হলো ঃ

BNP ঃ

BNP (Bit Map) হল DOS এবং Windows কমপিটিবল কমপিউটারের জন্য স্ট্যান্ডার্ড ইমেজ ফরমেট। BNP ফরমেট RGB, Indexed Color,Grayscale এবং Bitmap কালার মডেল সমর্থন করে। আলফা চ্যানেল সমর্থন করে না।

DCS ঃ

DCS (Desktop Color Separation) হল EPS ফরমেট স্ট্যান্ডার্ড ভার্সন যা কোয়ার্ক কর্তৃক ডেভলপ করা। DCS 2.0 ফরমেট মাল্টিচ্যানেল এবং CMYK ফাইল সমর্থন করে সিংগেল আলফা চ্যানেল দ্বারা ; DCS 1.0 আলফা চ্যানেল ছাড়া CMYK সমর্থন করে। DCS 1.0 এবং DCS 2.0 উভয় পাথ Clipping সমর্থন করে।

Photoshop ESP ঃ

EPS (The Encopsulated Postscript) ল্যাংগুয়েজ ফাইল ফরমেট ভেক্টর এবং বিটম্যাপ গ্রাফিক্স উভয়কে নিয়ে গঠিত এবং এটি গ্রাফিক্স, ইলাস্ট্রেশন এবং পেজ লে-আউট প্রোগ্রামসমূহকে সমর্থন করে। EPS ফরমেট অ্যাপ্লিকেশনসমূহের মধ্যে পোস্টস্ক্রিপ্ট ল্যাংগুয়েজ আর্টওয়াক বিনিময় করতে ব্যবহৃত হয়। অন্য অ্যাপ্লিকেশনে করা ভেক্টর ইমেজ ফাইলকে ওপেন করলে ফটোশপ ফাইলটিকে রেস্টারাইজ করে পিক্সেল ফাইলে পরিণত করে। EPS ফরমেট Lab, CMYK, RGB Indexed-Color, duotone, Grayscale এবং Bitmap Color Modes সমর্থন করে কিন্তু আলফা চ্যানেল সমর্থন করে না। EPS Clipping Path সমর্থন করে না।

Filmstrip ঃ

Adobe Premier এ দ্বারা তৈরি RGB এ্যানিমেশন অথবা মুভি ফাইলসমূহের জন্য Filmstrip ফরমেট ব্যবহৃত হয়।

GIF ঃ

GIF (Graphic Interchange Format) হল ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (W W W) এবং অন্যান্য অনলাইন সার্ভিসে বেশি ব্যবহৃত ফাইল ফরমেট যা ব্যবহৃত হয় ইনডেক্সড কালার গ্রাফিক্স এবং ইমেজসমূহকে HTML (Hypertext Markup Language) এ প্রদর্শন করতে। GIF হল LZW Compressed Format যা ফাইলসাইজ এবং ফাইল ট্রান্সফার গতিতে ন্যূনতম করতে ডিজাইনকৃত। GIF আলফা চ্যানেল সমর্থন করে না।

JPEG ঃ

JPEG (Joint Photographic Experts Group) হল W W W এবং অন্যান্য অনলাইন সার্ভিসে বেশি ব্যবহৃত ফাইল ফরমেট যা ফটোগ্রাফ এবং অন্যান্য Continuuouus – tone ইমেজকে HTML

এ প্রদর্শন করে। JPEG ফরমেট CMYK,Rএই এবং Grayscale Color Modes সমর্থন করে কিন্তু আলফা চ্যানেলকে সমর্থন করে না। JPEG ইমেজ ওপেন করলে স্বয়ংক্রিয়ভাবে ফাইল ডিকমপ্রেস হয়। JPEG ফরমেটে ফাইল ফাইল সেভ করার সময় ইমেজ কোয়ালিটি এবং কমপ্রেশস লেবেল নিদ্রিষ্ট করে দেওয়া যায়। JPEG ফরমেটে একবার সেভ করার পর তাতে এডিট করা বা ডেটা যুক্ত করা যায় না। তাই সব এডিটিং এবং সংযুক্তির পর চূড়ান্তভাবে JPEG ফরমেটে সেভ করতে হবে।

PCX ঃ

PCX ফরমেট IBM – Compatible কম্পিউটার বেশি ব্যবহৃত ফাইল ফরমেট। বেশিরভাগ পিসি সফ্টওয়্যার PCX এর ভার্সন ৫ ফরমেট সমর্থন করে। PCX ফরমেট RGB, Indexed-color, Grayscale এবং Bitmap Color Modes সমর্থন করে, আলফা চ্যানেল সমর্থন করে না। PCX, RLE কমপ্রেশন পদ্ধতি সমর্থন করে। ইমেজসমূহ ১,৪,৮, অথবা ২৪ Bit depth হতে পারে।

PDF ঃ

PDF (Portable Document Format), এডব এক্রোবেট, এডবির এলকট্রনিক পাবলিশিং সফ্টওয়্যার ব্যবহৃত হয়। PDF ফাইলসমূহ পড়তে এক্রোবেট রিডার সফট্য়্যার ব্যবহৃত হয়। PDF ভেক্টর এবং বিটম্যাপ গ্রাফিক্স উভয়কে প্রতিনিধিত্ব করে এবং ইলেকট্রনিক ডকুমেন্ট সার্চ এবং নেভিগেশন ফিচার যেমন ইলেকট্রনিক লিংক অন্তর্ভূক্ত করে পোস্টস্ক্রিপ্ট পেজসমূহকে একরূপ করতে। ফটোশপ PDF ফরমেট RGB, Indexed-color, CMYK, Grayscale Bitmap এবং Lab Color Mode সমর্থন করে কিন্তু আলফা চ্যানেল সমর্থন করে না । ফরমেট JPEG এবং ZIP কমপ্রেশন সমর্থন করে Bitmap-mpde files ব্যতীত, যা ব্যবহার করে CCITT group 4 Compression যখন Photoshop PDF আকারে সেভ করা হয়। অন্য অ্যাপ্লিকেশনে করা PDF ফাইল ওপেন করলে ফটোশপ ফাইলকে রেস্টারাইজ করে।

TIFF ঃ

TIFF (Tagged-Image File Format) ফাইল ফরমেট অ্যাপ্লিকেশনসমূহ এবং কমপিউটার প্লাটফর্মের মধ্যে ফাইল বিনিময় করতে ব্যবহৃত হয়। TIFF হল Flexible বিটম্যাপ ইমেজ ফরমেট যা সমর্থিত হয় সব প্রিন্ট, ইমেজ এডিটিং এবং পেজ লে-আউট অ্যাপ্লিকেশনসমূহে। সব ডেক্সটপ স্ক্যান করে TIFF ফরমেট। TIFF ফরমেট CMYK,RGB এবং Grayscale ফাইলসমূকে আলাফা চ্যানেল ছাড়া সমর্থন করে এবং Lab, Indexed-color এবং Bitmap ফাইলসমূহকে আলফা চ্যানেল ছাড়া সমর্থন করে। TIFF, LZW কমপ্রেশনকেও সমর্থন করে। এডবি ফটোশপ ইমেজকে TIFF ফরমেটে সেভ করার সময় আইবিএম কমপিউটিবল নাকি মেকিন্টোশ ফরমেট সেভ করা হবে তা নিধারণ করা যায়। স্বয়ংক্রিয়ভাবে ফাইল কমপ্রেস করার জন্য LZW Compression চেক বক্সে ক্লিক করে (✔) নির্বাচন করতে হবে। TIFF ফাইলের কমপ্রেসিং এর ফাইল সাইজ ছোট করে কিন্তু ওপেন এবং সেভ করার সময় বৃদ্ধি করে।

ফরমেট ফাইল সংরক্ষণ করা

বিভিন্ন অ্যাপ্লিকেশন বিভিন্ন ফরমেট সমর্থন করে। ফাইল সেভ করলে বিভিন্ন অ্যাপ্লিকেশন বিভিন্ন ফরমেট ফাইল সেভ করে । যেমনঃ এমএস ওয়ার্ডে ফাইল সেভ করতে তা .DOC এক্সটেনশন যুক্ত হয়ে সেভ হয়। ফটোশপ একটি শক্তিশালী গ্রাফিক্স সফ্‌ট ওয়্যার। এতে এমেজ তৈরি করে বিভিন্ন অ্যাপ্লিকেশন উপযোগী বিভিন্ন ফরমেট সেভ করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- যে ইমেজটিকে ভিন্ন ফরমেটে সেভ করা দরকার সেটি অ্যাকটিভ করতে হবে
- File > Save / File > Save As.. নির্দেশ দিতে হবে (Save As বক্স আসবে)
- File Name: এর স্থলে নাম এবং Save in: এ ডিরেক্টরী নিদিষ্ট করতে হবে
- Save As এর পাশের ড্রপ-ডাউন বাটন ক্লিক করতে হবে। ড্রপ-ডাউন লিস্ট আসবে
- তালিকা থেকে ফরমেট নির্বাচন করে Save বাটনে ক্লিক করে ফাইলটি সেভ করতে হবে।

পেজ সেট-আপ (Page Setup) করা

ফটোশপে ইমেজ তৈরি করে লেজার প্রিন্টারে কাগজে আউটপুট নেয়া হয়; যেমন ঃ

- File >Page Setup.. নির্দেশ দিতে হবে। ফলে পেজ সেট-আপ ডায়লগ বক্স আসবে
- ইনস্টলকৃত প্রিন্টারের নাম সিলেক্ট করতে হবে
- পিন্টারের বিভিন্ন অপশন নির্বাচন করতে হবে
- কাগজের সাইজ, সোর্স এবং উপস্থাপনা ইত্যাদি কাজ সমাপ্ত করে OK বাটন নির্ধারণ করতে হবে।

সুপ্রিয় প্রশিক্ষনার্থীবৃন্দ, এতদিন আমরা Adobe Photoshop এর বিভিন্ন কমান্ড এর কাজ শিখেছি। মনে রাখবেন শুধু কমান্ড শিখলেই Adobe Photoshop এর মাধ্যমে ডিজাইন করা সম্ভব নহে। ডিজাইন করতে হলে Adobe Photoshop এর সবগুলো কমান্ড সম্পর্কে সুস্পষ্ট ধারনা থাকতে হবে। কোন সমস্যা থাকলে শিক্ষকের নিকট থেকে বিস্তারিত জেনে নিন। সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে শেষ করলাম।

শুভেচ্ছান্তে ....

বাপ্পী

ওয়েব ডেভলপার এন্ড প্রোগ্রামার

ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনলেজি

আপনি কি অনলাইনে আয় করতে আগ্রহী?

“বুঝতে পারছেন না কিভাবে কি করবেন এবং কোথা থেকে শুরু করবেন?”

তাহলে নিচের আর্টিকেলটি পড়ুন।

এটি আপনার জন্যই !

নতুনরা অনলাইনে আয় করুন সঠিক উপায়ে!

তরুণরা পড়াশুনা এবং দৈনন্দিন কাজের পাশাপাশি ফ্রীল্যান্সিং করে অনলাইনে থেকে আয় করতে পারেন। কোন প্রকার ইনভেস্টমেন্ট এর প্রয়োজন নেই। শুধু জানা দরকার কাজ। ফ্রীল্যান্সিং এ নতুনদের জন্য সবচেয়ে বেশি ফলপ্রসূ এবং সহজ উপায় হল **Search Engine Optimization** এর কাজ শেখা। এটি শিখতে কম সময় লাগে এবং সহজ। একটু চেস্টা করলে আপনিও করতে পারেন ফ্রীল্যান্সিং। যা থেকে মাসে ১০০-৫০০০ ডলার আয় করা সম্ভব। দশ হাজার টাকা সমমূল্যের প্রাতিষ্ঠানিক এসইও এর কোর্স এখন ভিডিও টিউটোরিয়াল দেখার মাধ্যমে ঘরে বসেই শেখা সম্ভব। সেই জন্যই আইটি বাড়ি আপনাদের পূর্ণাঙ্গরূপে এসইও শেখা এবং অনলাইনে আয়ের গাইডলাইন টিউটোরিয়াল দিচ্ছে মাত্র ৪০০ টাকায়! এটি দেখে সর্ম্পূণ রূপে এসইও এর কাজ শেখা যাবে এবং কাজ শিখে কিভাবে কাজ করে আয় করবেন তার বিস্তারিত ভিডিও টিউটোরিয়াল রয়েছে এই ডিভিডি এ। সবগুলো ভিডিও বাংলা ভাষায় এবং অত্যন্ত সহজভাবে বিস্তারিত করে তৈরি যাতে নতুনরা বুঝতে এবং কাজ শিখে কাজ করতে পারেন।

প্রত্যেকটি কাজ হাতে কলমে করে দেখানো রয়েছে ফলে আপনাকে কষ্ট করে কোন প্রকার প্রাতিষ্ঠানিক কোর্স করতে হবে না। ঘরে বসেই আপনি কাজ শিখতে এবং কাজ করে আয় করতে পারবেন। সাথে যে কোন সমস্যায় ২৪/৭ হেল্প পাবেন।

বেকার বসে না থেকে কাজ শিখুন, অনলাইনে আয় করুন নিজেকে গড়ুন, দেশকে গড়তে সহায়তা করুন।

বিস্তারিত জানতে এখনই ভিজিট করুন- **www.it-bari.com**

ফেসবুকে আমাদের লাইক করুন- **www.facebook.com/itbari**

আজই যোগ দিন ফেসবুক গ্রুপে আর অনলাইনে আয় সংক্রান্ত বিভিন্ন হেল্প এবং টিপস পান- **www.facebook.com/groups/itbari**

ইউটিউব চ্যানেলে আমাদের টিউটোরিয়াল দেখুন সর্ম্পূণ ফ্রীতে!!- **www.youtube.com/itbari**

=> মনে রাখবেন, অনলাইনে আপনাকে কাজ শিখেই তবে কাজ করে আয় করতে হবে। শুধু ৫-১০ হাজার টাকা দিয়ে অ্যাকাউন্ট খুলে ঘরে বসে বসে ক্লিক করে আয় করা সম্ভব নয়। এমন করলে ধরা আপনাকে খেতেই হবে। কাজেই, যারা আপনাকে প্রথমে ইনভেস্ট করে ক্লিক করে আয় করার কথা বলে সেই সকল প্রতারকদের হাত থেকে সাবধান থাকুন।